

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর ২/৬৮/৮৯/১১৭২৪

তারিখ ১৭/৮


প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
শহীদ সাধন সঙ্গীত মহাবিদ্যালয়
ডাক-পাবনা, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা

বিষয় : ব্যখ্যা প্রদান প্রসঙ্গে

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার পাবনা সদর এর তদন্ত প্রতিবেদন যার স্মারক নম্বর-৯৩৫, তারিখ-২০/০৫/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে বিদ্যমান বিরূপ পরিস্থিতির কারণে প্রতিষ্ঠানটির শিক্ষা কার্যক্রম সহ প্রশাসনিক কর্মকাণ্ড ভেঙ্গে পড়ার উপক্রম হয়েছে। কলেজটি এখন শুধুমাত্র শিক্ষকদের সরকারী বেতন ভাতা উত্তোলনের স্থান হিসেবে বিবেচিত হচ্ছে। এমতাবস্থায়, প্রতিষ্ঠানটির একাডেমিক স্বীকৃতি প্রত্যাহারসহ কেন শিক্ষকদের এমপিও বাতিলের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। পাশাপাশি কোন সরকারী কর্মকর্তাকে সভাপতি করে একটি এডহক কমিটি গঠনের উদ্যোগ নেবার জন্য আপনাকে পরামর্শ দেয়া হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

তারিখ

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
বিষমডাংগা গার্লস স্কুল এন্ড কলেজ
ডাক-নিমগাছী, উপজেলা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ

বিষয় : একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৬(অংশ).১০২০, তারিখ-০১/১১/২০১৭

কর্তৃপক্ষের নির্দেশক্রমে সূত্রে উল্লিখিত স্মারকের প্রেক্ষিতে এবং কলেজ কমিটি কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে নিম্নলিখিত শাখার বিষয় সমূহে অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে অত্র বোর্ড কর্তৃক আপনার মহাবিদ্যালয়ের একাডেমিক স্বীকৃতি ০১/০৭/২০১৭ তারিখ হইতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত ২ (দুই) বৎসরের জন্য প্রদান করা হ'ল। ৩০/০৬/২০১৯ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উক্ত কলেজ পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকবে।

আবশ্যিক বিষয়	:-	(১) ইংরেজী	(২) বাংলা	(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
১। নৈর্বাকনিক বিষয়	:-			
(ক) মানবিক শাখা	:-	ইতিহাস, পৌরনীতি ও সুশাসন, সমাজ বিজ্ঞান, যুক্তিবিদ্যা।		
(খ) ব্যবসায় শিক্ষা শাখা	:-	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ভূগোল।		
(গ) বিজ্ঞান শাখা	:-	পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত।		
২। ঐচ্ছিক বিষয়	:-	যে কোন ০১ টি		

উল্লেখ্য যে, অত্র বোর্ডের বিধি অনুসারে শিক্ষা বৎসর আরম্ভের ০৪ (চার) মাস পূর্বে নির্ধারিত ফরমে বর্ধিত মঞ্জুরীর আবেদনপত্র অত্র বোর্ডে দাখিল করতে হবে।

শর্ত :- ১। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (এমপিও না দেয়া শর্তে)নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না।

(প্রফেসর মো: আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ২/৬৯/১০০/১০৬৫/১৫৫৫

তারিখ ৬/৭/১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা বোর্ড রাজশাহী
- ৬। কলেজ নিবন্ধন শাখা, শিক্ষা বোর্ড রাজশাহী

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী